



Institutional Quality Assurance Cell (IQAC)

QAP/A-008

Shahjalal University of Science and Technology, Sylhet-3114, Bangladesh

Telephone: +880-821-717850, 714479, 713850 Ext- 249

Email: iqac-off@sust.edu, iqac-dir@sust.edu, iqac-ad@sust.edu



তারিখঃ ২১শে মার্চ, ২০১৮

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের সুশাসন (অফিস ব্যবস্থাপনা ও আর্থিক ব্যবস্থাপনা) বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ৯ টায় ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর সেমিনার কক্ষে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

কর্মশালায় সভাপতিত্ব করেন আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাবিপ্রবির মাননীয় উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ, বিশেষ অতিথি হিসেবে ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ ইলিয়াস উদ্দিন বিশ্বাস এবং রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন পলিটিক্যাল স্টাডিজ বিভাগের প্রফেসর দিলারা রহমান, রেজিস্ট্রার মোঃ ইশফাকুল হোসাইন, অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মাদ সাদিকুল্লুবী চৌধুরী ও হিসাব দপ্তরের অতিরিক্ত পরিচালক শেখ আবুল হাসান।

এসময় উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, প্রশাসনের মূলশক্তি কর্মকর্তারা। আপনাদের দক্ষতায় আমরা অনেক দূরে এগিয়ে যাচ্ছি। সময়ের কাজ সময়ে শুরু করতে হবে, সময়ে শেষ করতে হবে। বিশ্ববিদ্যালয়ের নিয়ম কানুন মানতে হবে এবং শাবিপ্রবিকে সুন্দর ও সেরা বিশ্ববিদ্যালয় করার জন্য আপনাদের সবাইকে এগিয়ে আসতে হবে।

কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ ইলিয়াস উদ্দিন বিশ্বাস বলেন, দেশের জন্য, দেশের মানুষের জন্য কাজ করতে হবে। আর সবসময় দেখতে হবে আমি দেশকে কি দিচ্ছি, কি পেলাম এটা বড় কথা নয়।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস স্বাগত বক্তব্য রাখেন এবং উপস্থিত সবাইকে ধন্যবাদ দেন। তিনি সুশাসন প্রতিষ্ঠার জন্য বিশ্ববিদ্যালয়ের সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

কর্মশালাটি সঞ্চালনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ আশরাফুল আলম।

(প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস)

পরিচালক, আইকিউএসি

শাবিপ্রবি, সিলেট-৩১১৪।